গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ১৫ এপ্রিল, ২০২০
২রা বৈশাখ, ১৪২৭
২০ই শাবান, ১৪৪১

স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ব্রিফিং-এ অংশ নেন। ব্রিফিং এ আরও উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা।

ব্রিফিং-এ স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ তাঁর সূচনা বক্তব্যে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে কুর্মিটোলা জেনারেল হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে চিকিৎসারত অবস্থায় সিলেট এম, এ, জি ওসমানী মেডিকেল কলেজের মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ মাঈনুদ্দিন এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। তিনি মরহুমের স্ত্রীর সাথে সাক্ষাত করেন। তিনি বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করেন। মাননীয় প্রধানমন্ত্রী মরহুমের পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন এবং তাঁর সরকার মরহুমের পরিবারের সকল দায়িত্ব নেওয়ার আশ্বাস দেন। মহাপরিচালক মহোদয় আরও জানান মাননীয় প্রধানমন্ত্রী চিকিৎসক, নার্স এবং স্বাস্থ্য বিভাগের অন্যান্য কর্মীদের পাশে আছেন এবং তাদের সুরক্ষার বিষয়টি সরকারের অন্যতম সর্বাগ্র বিবেচনায় আছে।

ব্রিফিং এ মাননীয় মন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় প্রথমেই কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে সিলেট এম, এ, জি ওসমানী মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক ডাঃ মাঈনুদ্দিন এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। তিনি মরহুমের পরিবারের সকল ধরনের সাহায্য সহযোগিতার ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্বাসের পূণরাবৃত্তি করেন। তিনি দেশের কোভিড-১৯ পরিস্থিতির বর্ণনা করেন এবং সকলকে ঘরে থেকে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং নিজের সুরক্ষা বজায় রাখার আহ্বান জানান।

স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা দেশের কোভিড-১৯ পরিস্থিতির বিস্তারিত বর্ণনা করেন।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		এপর্যন্ত সুস্থ	চিকিৎসাধীন
গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	৪৯	১,১৩২
১,৭৪০	১৪,৮৬৮	২১৯	১,২৩১	০৪	৫০		

কোভিড-১৯ নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

ঢাকা / ঢাকার বাইরে	নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা)	পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা)	সর্বমোট
ঢাকা মহানগরীতে (মোট ৯টি প্রতিষ্ঠান)	১,৩১৩	৯৬৭	১০,৪৯৮
ঢাকার বাইরে (মোট ৮টি প্রতিষ্ঠান)	৭৩৫	৭৭৩	৪,৩৭০
সর্বমোট	**২,০৪৮**	**১,৭৪০**	**১৪,৮৬৮**

টেস্ট কিট্স ও লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (১৫-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	১৪,১৬,৬১৬	৯,৫৮,২৯৪	৪,৫৮,৩২২

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	গত ২৪ ঘন্টায় (১৪ এপ্রিল সকাল ৮:০০ থেকে ১৫ এপ্রিল সকাল ৮:০০)		এপর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	১১,২২৮	১,২২০	১,০১,৮০৯	৬৫,০৪৯	৩৬,৭৬০
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৫৪২	৪৫	৩,১৬০	৫৩১	২,৬২৯
সর্বমোট	১১,৭৭০	১,২৬৫	১,০৪,৯৬৯	৬৫,৫৮০	৩৯,৩৮৯

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তত করা হয়েছে-৪৮৮ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে-২৬,৩৫২ জনকে।**

প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর)

গত ২৪ ঘন্টায় আইসোলেশন (১৪ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ১৫ এপ্রিল দুপুর ১২:০০)	বর্তমানে আইসোলেশনে রয়েছেন
৭১	৪৩৩

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৫৬,১৬৩	১৮,১৪,৯৩৭
৩৩৩	৪৩,৫৮৮	৪,৮২,৩৯১
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	৩,০৮৬	১,২৯,৫৭১
মোট ফোন কলের সংখ্যা	**১,০২,৮৩৭**	**২৪,২৬,৮৯৯**

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (১৫-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৩,৮০৭।

কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষনঃ (১৫-০৪-২০২০ সকাল ০৮:০০ ঘটিকা পর্যন্ত)

চিকিৎসক	নার্স
৩,৬২৫	**১,৩১৪**

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেলথ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	**এপর্যন্ত** সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	১৩	৩,২২,৫৩৭
সমুদ্রবন্দর সমূহ	১৮১	১৩,৬৭১
স্থলবন্দর সমূহ	৬১	৩,২৭,১০৬
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	২৫৫	৬,৭০,৩৪৩

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ

এ পর্যন্ত ২৩টি গাইডলাইন এবং নতুন একটি সহ মোট ১১টি জনসচেতনতামূলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে।

গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 85)

	গত ২৪ ঘন্টা		এপর্যন্ত সর্বমোট	
	সনাক্ত	মৃত্যু	**সনাক্ত**	মৃত্যু
দক্ষিণ-পূর্ব এশিয়া	**১,৭৮০**	**৬৩**	**১৮,৬৬৩**	**৮২৯**
সারা বিশ্ব	**৭১,৭৭৯**	**৫,৩৬৯**	**১৮,৪৪,৮৬৩**	**১,১৭,০২১**

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর